



বাংলাদেশ গ্যাস ফিল্মস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)



১৯-০৯-২০২২ তারিখে বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টার সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন তরফদার উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	১৯ সেপ্টেম্বর, ২০২২
সভার সময়	১০:০০ ঘটিকা
স্থান	আহবায়কের কার্যালয়।
উপস্থিতি	কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য(তালিকা সংযুক্ত)।

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক কমিটির আহবায়ক ও উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড)-দক্ষিণ মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্যদের অংশগ্রহণে ১৯-০৯-২০২২ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় আহবায়কের কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজে নচার্টার) এর গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, গণখাতে সংস্কারের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ অর্জনের অন্যতম প্রয়াস হিসেবে সুশাসন সংহতকরণে উদ্ভাবনী কর্ম সংস্কৃতির বিকাশ ও নানাবিধ সংস্কারের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রবর্তন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ‘সবার আগে নাগরিক’ এ মূলমন্ত্রকে কেন্দ্র করে নাগরিক সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি এর গুরুত্ব অপরিসীম।

১.২। সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন বিষয়ে আলোচনা করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে পরিবীক্ষণ কমিটি গঠন এবং

ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কমিটি পুনর্গঠন করা, ওয়েবসাইটে আপলোড করা এবং পুনর্গঠিত কমিটির তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়টি সভায় অবহিত করা হয়। এ ছাড়াও সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা এবং তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা সম্পর্কে আলোচনা করা হয়।

১.৩। কমিটির সদস্য-সচিব উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ এ বিষয়ে গত ১৫-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলা কর্তৃক একটি অনলাইন সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের ১.১-১.৪ এবং ২.১-২.২ অনুচ্ছেদ সমূহ আলোচনা করা হয়। অনুচ্ছেদসমূহে বর্ণিত সভা, সভার কার্যবিবরণী প্রস্তুত, বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত এবং এ সকল বিষয়ের প্রমাণক প্রস্তুত করা সম্পর্কে আলোচনা করা হয়। প্রস্তুতকৃত প্রমাণকসমূহ যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়েও সভাকে অবহিত করা হয়।

১.৪। বর্ণিত আলোচনার প্রেক্ষিতে সভার সভাপতি জরুরি ভিত্তিতে কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সাথে কোম্পানির অন্যান্য স্থাপনার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং কোম্পানির সিটিজেন চার্টার হালনাগাদের জন্য ব্যবস্থা গ্রহণ করতে বলেন।

২.০ সিদ্ধান্ত:

২.১। কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সাথে কোম্পানির অন্যান্য স্থাপনার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন;

২.৪। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন তরফদার
উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.৯

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯

২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, আহবায়ক ও টিম লিডার, এপিএ টিম,

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপক (পরিকল্পনা), পরিকল্পনা শাখা, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড



মোঃ রফিকুল ইসলাম

ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-
সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ
কমিটি, বিজিএফসিএল।